

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 মহাপরিচালকের কার্যালয়  
 শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।  
[www.shniyd.gov.bd](http://www.shniyd.gov.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ৩য় কোয়ার্টারে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : আবু তাহের মোঃ মাসুদ রানা  
 মহাপরিচালক  
 শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।  
 সভার তারিখ : ০৮/০১/২০২৩ খ্রি.  
 বার ও সময় : রবিবার, বিকাল ০৩:০০ টা  
 সভার স্থান : সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
 উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতি জানান ইনস্টিটিউটের ২০২২-২০২৩ অর্থ বছরের প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার যথাযথ ও সময়ানুগ বাস্তবায়ন প্রয়োজন। তার অনুরোধের প্রেক্ষিতে জনাব শাহাব উদ্দিন সরকার, উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) ২য় কোয়ার্টারের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি এবং ৩য় কোয়ার্টারের কর্ম পরিকল্পনা বাস্তবায়নে করণীয় বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০২। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	বৈঠকের আলোচ্যসূচি	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়ন অগ্রগতির হার
(ক)	ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় গঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৬-১১-২০২২ তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং প্রমাণকসহ স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়িত প্রতিবেদন ১৬-১১-২০২২ তারিখ প্রেরণ করা হয়েছে।	১০০%
(খ)	ইনস্টিটিউটে ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে ডিসেম্বর/২০২২ মেয়াদে ২য় কোয়ার্টারে গৃহীত কার্যক্রম :		
	১। শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	গত ২৪/১১/২০২২ তারিখ শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	১০০%
	২। অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন।	গত ২৯/১১/২০২২ তারিখ অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে ২জন, সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী যুব/যুব নারী ০৫ জন, যুব উন্নয়ন অফিসার সাভার, ৩ জন যুব সংগঠক এবং এ ইনস্টিটিউটের ৫০ জন প্রশিক্ষার্থী অংশগ্রহণ করেন।	১০০%
	৩। বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে পরিকল্পনা অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ২য় কোয়ার্টারে বরাদ্দের ৪০% ব্যয় করার পরিকল্পনা ছিল। ৩৪% অর্থ ব্যয় করা হয়েছে। অর্থবছরের নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে শতভাগ অর্থ ব্যয় নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	৮৫%



৪। কর্ম পরিবেশ উন্নয়ন।	ইনস্টিটিউট এর কর্মপরিবেশ উন্নয়ন কল্পে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ইনস্টিটিউটের কর্ম-পরিবেশ পর্যালোচনা করে কর্ম-পরিবেশ উন্নয়নে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছেন।	১০০%
৫। প্রতি কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সভা ১ম সপ্তাহে আয়োজন করা।	প্রতি কোয়ার্টারের অগ্রগতির পর্যালোচনা সংক্রান্ত সভা ১ম মাসের নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হয়েছে।	১০০%
৬। বিশেষ উদ্যোগ গ্রহণ।	● প্রশিক্ষার্থীদের মানসিক বিকাশের লক্ষ্যে ১৬ ডিসেম্বর/২২ তারিখ দিনব্যাপী খেলাধুলা ও সংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।	১০০%

আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ০১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির সভা ৪র্থ কোয়ার্টারে এপ্রিল, ২০২৩ মাসের ১ম সপ্তাহে আয়োজন করতে হবে।
- ০২। ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ২য় কোয়ার্টারের গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রমাণসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ০৩। ৩য় কোয়ার্টারে বাস্তবায়নের লক্ষ্যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষার্থীদের ডাটাবেজ তৈরী করত ওয়েবসাইটে লিংক প্রদান করতে হবে। প্রশিক্ষণ প্রাপ্তদের বর্তমান কর্মসংস্থান সংক্রান্ত যাবতীয় হালনাগাদ তথ্য ডাটাবেসে লিপিবদ্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৪। নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ওয়েব সাইটে আপলোড এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু তাহের মোঃ মাসুদ রানা  
মহাপরিচালক

ও  
সভাপতি, নৈতিকতা কমিটি  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
ফোন : ০২-২২৪৪২৬০৩০  
ই-মেইল : dgshniyd@shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.১৭৭.২৩-১৫১৬

তারিখঃ ২৭ পৌষ ১৪২৯ ব.  
১১ জানুয়ারী ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। জনাব ....., শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৪। অফিস কপি।

শাহাব উদ্দিন সরকার  
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।